


ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-১৭৭৮

আগরতলা, ১২ নভেম্বর, ২০২৪

৪০০/১৩২ কেভি সূর্যমনিগর সাব স্টেশন পরিদর্শনে রাজ্যপাল
দেশের উন্নয়নে বিদ্যুতের গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে



রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাথু আজ সূর্যমনিগরের পশ্চিম নোয়াগাও-এ এনইআর-২ ট্রান্সমিশন লিমিটেডের ৪০০/১৩২ কেভি সূর্যমনিগর সাব স্টেশন পরিদর্শন করেন। আজ সকালে রাজ্যপাল সেখানে গিয়ে পৌঁছালে এনইআর-২ ট্রান্সমিশন লিমিটেডের জোনাল হেড সন্দীপ চৌধুরী রাজ্যপালকে স্বাগত জানান। সাব স্টেশনের আধিকারিকগণ ৪০০/১৩২ কেভি সূর্যমনিগর সাব স্টেশন থেকে বর্হিরাজ্যে বিদ্যুৎ পাঠানো এবং প্রয়োজনে বর্হিরাজ্য থেকে বিদ্যুৎ আনা ও বিভিন্ন জায়গায় বিদ্যুৎ পৌঁছে দেওয়ার বিষয়ে রাজ্যপালকে বিস্তারিত অবহিত করেন। সাব স্টেশন পরিদর্শনের পর সংবাদমাধ্যমকে রাজ্যপাল জানান, দেশের উন্নয়নে বিদ্যুতের গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। বিদ্যুৎ ব্যবহার প্রমাণ করে দেশ এগিয়ে যাচ্ছে কিনা। রাজ্যপালের সফরের সময় সাব স্টেশনের দায়িত্বপ্রাপ্ত আধিকারিক ঋত্বিক নন্দী, নিরাপত্তা আধিকারিক অলক সিং, সংস্থার এডমিন উত্তম নাথ প্রমুখ উপস্থিত ছিলেন। রাজভবন থেকে আজ এই সংবাদ জানানো হয়েছে।
